

# ডিপ্লোমা কৃষিবিদদের প্রধানমন্ত্রী ঘোষিত গ্রেড বাস্তবায়ন দাবি

## যুগান্তর রিপোর্ট

প্রধানমন্ত্রী ঘোষিত ১০ম গ্রেড বেতন স্কেল বাস্তবায়নের দাবিতে কালো ব্যাজ ধারণ ও গণস্বাক্ষরসহ আন্দোলন-কর্মসূচি ঘোষণা করেছেন ডিপ্লোমা কৃষিবিদরা। রোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্যে ডিপ্লোমা কৃষিবিদ ইনসিটিউটের (ডিকেআইবি) মহাসচিব আবদুর রাশেদ খান বলেন, প্রধানমন্ত্রী ডিপ্লোমা কৃষিবিদদের (উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানের কর্মকর্তা) বিভাগ মন্ত্রীর পদমর্যাদাসহ ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নীতকরণের ঘোষণা দেন। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় অনুষ্ঠানিকভাবে নানা প্রক্রিয়াও শুরু করে। বিস্তৃত আজ পর্যন্ত প্রধানমন্ত্রীর এ ঘোষণা বাস্তবায়ন হয়েন। অথচ ডিপ্লোমা কৃষিবিদ সমর্যাদার অন্য সরকারি সংস্থার কর্মকর্তাদের ১০ম গ্রেড বেতন স্কেলে উন্নীত করা হয়েছে। আগামী ২ এপ্রিলের মধ্যে তাদের দাবি বাস্তবায়ন করা না হলে ৩ এপ্রিল থেকে ২১ এপ্রিল পর্যন্ত সারা দেশে কালো ব্যাজ ধারণ, ২২ এপ্রিল থেকে ২৬ মে পর্যন্ত গণস্বাক্ষর সংগ্রহ, ২৭ মে থেকে ৩ জুন পর্যন্ত সংসদ সদস্যদের কাছে সংশ্লিষ্ট এলাকার গণস্বাক্ষর জয়া এবং এ গণস্বাক্ষর কেন্দ্রীয়ভাবে অর্থমন্ত্রী ও কৃষি মন্ত্রীর কাছে পেশ করা হবে। এরপরও দাবি বাস্তবায়ন না করে তাহলে পরবর্তীতে বন্ধোর কর্মসূচি ঘোষণা করা হবে। সংবাদ সম্মেলনে সংশ্লিষ্টের সভাপতি এসিএম আবুল কাশেম, উপসভাপতি ফিরোজ আকতার, সহসভাপতি আলাউদ্দিন আহমেদ, নাজিম উদ্দিন, যুগ মহাসচিব আলফাজ উদ্দিন ও বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদের সভাপতি মোহাম্মদ আলী চৌধুরী উপস্থিত ছিলেন।